গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
ক্রয় ও সংগ্রহ-১ শাখা
www.mefwd.gov.bd

নং: ৫৯.০০.০০০০.১৩৩.০৬.০০১.২২. ৭৪

তারিখ: ১১ পৌষ ১৪২৯ / ২৬ ডিসেম্বর ২০২২

## সভার নোটিশ

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর আওতায় পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপকরণ ও সরবরাহ ইউনিটের ক্রয় ও সরবরাহ কার্যক্রম পরিবীক্ষণ ও মানোন্নয়ন কার্যক্রম বিষয়ে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের নেতৃত্বে আগামী ২৮ ডিসেম্বর ২০২২ তারিখ, বুধবার সকাল ১০.০০ ঘটিকায় উপকরণ ও সরবরাহ ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, পরিদর্শন করা হবে এবং একই সাথে গত ২০/০৯/২০২২ খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হবে।

০২. উক্ত পরিদর্শনে সকলকে সার্বিক সহযোগিতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৬/১২/২০২২
(মোহাম্মদ আবু বকর সিদ্দিক)
উপসচিব
ফোন: ৫৫১০১২৭২
procurement1@mefwd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা
০২. যুগ্মসচিব (পরিকল্পনা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা
০৩. পরিচালক (উপকরণ ও সরবরাহ) এবং লাইন ডাইরেক্টর (পিএসএসএম-এফপি) উপকরণ ও সরবরাহ ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
০৪. অতিরিক্ত পরিচালক (ড্রাগস্ এন্ড স্টোরস্), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী, ঢাকা
০৫. উপপরিচালক (স্থানীয় সংগ্রহ), উপকরণ ও সরবরাহ ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
০৬. উপপরিচালক (বৈদেশিক সংগ্রহ), উপকরণ ও সরবরাহ ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
০৭. উপপরিচালক (উপকরণ ও সরবরাহ), উপকরণ ও সরবরাহ ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
০৮. উপপরিচালক (এলআর), উপকরণ ও সরবরাহ ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
০৯. ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার, উপকরণ ও সরবরাহ ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
১০. সহকারী পরিচালক (পণ্যাগার), কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী, ঢাকা

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
২. সচিব এঁর একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
ক্রয় ও সংগ্রহ-১ শাখা
www.mefwd.gov.bd

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর আওতায় পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপকরণ ও সরবরাহ ইউনিটের ক্রয় ও সরবরাহ কার্যক্রম পরিবীক্ষণ ও মানোন্নয়ন এবং গত ২০/০৯/২০২২ খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের বাস্তবায়নের অগ্রগতি পরিদর্শনের কার্যবিবরণী।**

সভাপতি : আবু নূর মোঃ শামসুজ্জামান
যুগ্মসচিব (প্রশাসন)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্থান : উপকরণ ও সরবরাহ ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর
পরিদর্শনের তারিখ : ২৮.১২.২০২২ খ্রি.
সময় : সকাল ১০.০০ ঘটিকা
পরিদর্শনে উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে পরিদর্শন কার্যক্রম শুরু করেন। পরিদর্শনে উপস্থিত কর্মকর্তাগণ নিজ নিজ নাম ও পদবি উপস্থাপনপূর্বক পরিচিতিমূলক পর্ব সম্পন্ন করেন। অত:পর সভাপতির নেতৃত্বে উপস্থিত কর্মকর্তাগণকে সাথে নিয়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপকরণ ও সরবরাহ ইউনিটের ক্রয় ও সরবরাহ কার্যক্রম পরিবীক্ষণ করেন গত ২০/০৯/২০২২ খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের বাস্তবায়নের অগ্রগতি পরিদর্শন করেন। পরিদর্শন শেষে নিম্নোক্ত মতামতসমূহ ব্যক্ত করেন:

| ক্রমিক | বিষয় | পূর্ববর্তী সিদ্ধান্ত | অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ক্রয়ের ক্ষেত্রে Need Assesment এর সঠিকতা প্রণয়ন | ক্রয়ের ক্ষেত্রে যথাযথভাবে Need Assesment প্রণয়ন করতে হবে। | মাঠ পর্যায় থেকে যথাযথভাবে চাহিদা ও কমিটির সুপারিশের প্রেক্ষিতে Need Assesment প্রণয়ন করা হয়েছে। | ভবিষ্যতেও Need Assesment প্রণয়ন যথাযথ ভাবে সম্পন্ন করতে হবে। |
| ০২ | টেন্ডার প্রক্রিয়ায় স্বচ্ছতা আনয়ন | CPTU এর চেকলিষ্ট অনুসরণ পূর্বক টেন্ডারে শতভাগ স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। | বিজ্ঞাপনের ক্ষেত্রে দেশে বহুল প্রচারিত দৈনিক সংবাদপত্রের সকল সংস্করণে সরাসরি প্রকাশ করা হয়। উক্ত বিজ্ঞাপন পরিবার পরিকল্পনা অধিদপ্তর এবং সিপিটিইউ এর ওয়েবসাইটে প্রকাশ করা হয়ে থাকে যাতে কোন ঠিকাদার দরপত্র পাওয়ার ক্ষেত্রে প্রভাব বিস্তার করতে না পারে। CPTU এর চেকলিষ্ট অনুসরণ পূর্বক টেন্ডারে শতভাগ স্বচ্ছতা ও জবাবদিহিতা | টেন্ডারে শতভাগ স্বচ্ছতা নিশ্চিত করতে হবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ | ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতা ও জাবাবদিহিতা আনয়ন এবং ক্রয়কৃত মালামালের গুণগত মান নিশ্চিত করতে হবে। পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণপূর্বক ক্রয় কার্য সম্পাদন করতে হবে। | ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত রয়েছে। Estimation কমিটি দ্বারা Official Cost Estimate প্রণয়ন এবং দরপত্র খোলার সময় সকল সদস্যের স্বাক্ষরিত Official দর উন্মুক্ত করা হয়। মূল্যায়ন কমিটির সদস্য সংখ্যা, দায়িত্ব ও কার্যধারা বিধি দ্বারা নির্ধারণ করা রয়েছে। ক্রয়কৃত মালামাল স্ট্যান্ডিং বোর্ড কর্তৃক গ্রহণের পর কেন্দ্রীয় পণ্যাগারে মজুদ, সংরক্ষণ ও আঞ্চলিক পণ্যাগারের মাধ্যমে উপজেলা এবং তদনিম্ন পর্যায়ের সার্ভিস ডেলিভারী পয়েন্টে নিরবিচ্ছিন্ন সরবরাহ যথাযথভাবে নিশ্চিত করা হয়ে থাকে। | ক্রয়কৃত মালামালের গুণগত মান সঠিক রাখতে PPA-2006 ও PPR-2008 অনুসরণপূর্বক ক্রয় কার্য সম্পাদন অব্যহত রাখতে হবে। |
| ০৪ | দুর্নীতি প্রতিরোধ | কর্ম সম্পাদনে স্বচ্ছতা, জবাবদিহিতা বজায় রেখে দুর্নীতি প্রতিরোধ করতে হবে। | ক্রয়ের ক্ষেত্রে PPA-2006, PPR-2008 এবং প্রচলিত বিধি বিধান অনুযায়ী কাজ নিশ্চিত করা হয়ে থাকে। | কর্ম সম্পাদনে স্বচ্ছতা, জবাবদিহিতা বজায় রাখতে ক্রয়ের ক্ষেত্রে PPA-2006 ও PPR-2008 এবং প্রচলিত বিধি বিধান অনুযায়ী কর্ম সম্পাদন করতে হবে। |
| ০৫ | সরবরাহ ব্যবস্থাপনা কার্যক্রম যথাযথ নিশ্চিতকরণ | সরবরাহ ব্যবস্থাপনা কার্যক্রম যথাযথ নিশ্চিতকরণসহ বিদ্যমান সমস্যা সমাধানের উদ্যোগ গ্রহণসহ এবং প্রযোজ্য ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। | দেশের সকল সার্ভিস ডেলিভরী পয়েন্টে যথাসময়ে জন্মনিয়ন্ত্রণ সামগ্রী, মা ও শিশু স্বাস্থ্য এবং প্রজনন স্বাস্থ্য সম্পর্কিত দ্রব্যাদির মজুদ ও নিরবিচ্ছিন্ন সরবরাহ করা হয়েছে এবং সকল স্তরে নীতিমালা অনুযায়ী মজুদ ও ইনভেনটরী নিশ্চিত করাসহ সরবরাহ ব্যবস্থাপনা নিয়মিত মনিটরিং করা হচ্ছে। | সরবরাহ ব্যবস্থাপনা কার্যক্রম যথাযথ ভাবে মনিটরিং করতে হবে। |
| ০৬ | মাঠ পর্যায়ের স্বাস্থ্য কর্মসূচি প্রণয়ন | মাঠ পর্যায়ের স্বাস্থ্য কর্মসূচি প্রণয়ন এবং তা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | মন্ত্রণালয়/বিভাগ এবং সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরের সমন্বয়ে পরিবার পরিকল্পনা কর্মসূচি সম্পাদনের মাধ্যমে সাধারণ মানুষের মধ্যে পরিবার পরিকল্পনা বিষয়ক বিভিন্ন সেবা প্রদান কর্মসূচি রয়েছে। | মাঠ পর্যায়ের অন্যান্য স্বাস্থ্য কর্মসূচির সাথে সমন্বয় করে বাস্তবায়ন করতে হবে। |
| ০৭ | পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহার নিশ্চিতকরণ | পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহারকারীর হার বৃদ্ধির বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহারকারীর হার বৃদ্ধির উদ্দেশ্যে অস্থায়ী, দীর্ঘমেয়াদী, স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহার নিশ্চিতকরণ ও সেবা প্রদানে বিভিন্ন উদ্ভাবনী কার্যক্রম পরিচালনা এবং সেবা কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়ন ও মনিটরিং করা হচ্ছে। | পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহারকারীর হার বৃদ্ধির বিষয়ে নতুন উদ্ভাবনী কার্যক্রম গ্রহণ করতে হবে। |
| ০৮ | বিবিধ | অকেজো/বিনষ্ট CCTV ক্যামেরা দ্রুত চালু করাতে হবে। | অকেজো/বিনষ্ট CCTV ক্যামেরাগুলোর মেরামত কার্যক্রম চলমান রয়েছে। | আগামী ৩১ মার্চ ২০২৩ এর মধ্যে CCTV ক্যামেরা সচল করতে হবে। |

০২। আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে পরিদর্শন সমাপ্তি ঘোষণা করেন।

(আবু নূর মোঃ শামসুজ্জামান)
যুগ্মসচিব (প্রশাসন)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নম্বর: ৫৯.০০.০০০০.১৩৩.০৬.০০১.২২-৯৫

তারিখ: ১৩ পৌষ ১৪২৮ / ২৮ ডিসেম্বর ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ০৬ কাওরান বাজার, ঢাকা।
০২. অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
০৩. যুগ্মসচিব (ক্রয় ও সংগ্রহ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
০৪. যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা
০৫. যুগ্মসচিব (পরিকল্পনা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা
০৬. পরিচালক (উপকরণ ও সরবরাহ) এবং লাইন ডাইরেক্টর (পিএসএসএম-এফপি) উপকরণ ও সরবরাহ ইউনিট,পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
০৭. অতিরিক্ত পরিচালক (ড্রাগস্ এন্ড স্টোরস্), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী, ঢাকা
০৮. উপপরিচালক (স্থানীয় সংগ্রহ), উপকরণ ও সরবরাহ ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
০৯. উপপরিচালক (বৈদেশিক সংগ্রহ), উপকরণ ও সরবরাহ ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
১০. উপপরিচালক (উপকরণ ও সরবরাহ), উপকরণ ও সরবরাহ ইউনিট,পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
১১. উপপরিচালক (এলআর), উপকরণ ও সরবরাহ ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
১২. ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার, উপকরণ ও সরবরাহ ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
১৩. সহকারী পরিচালক (পণ্যাগার), কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী, ঢাকা

(মোহাম্মদ আবু বকর সিদ্দিক)
উপসচিব